


স্মারক নং-বুটেক্স/প্রশাঃ ৫/২০২১/

তারিখ : ২০/১১/২০২২

বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের অফিস সময়-সূচী সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত। তন্মধ্যে মধ্যাহ্ন বিরতি (যোহরের নামাজ ও দুপুরের খাবারের জন্য) ০১(এক) ঘন্টা অর্থাৎ দুপুর ১.০০ টা হতে ২.০০ টা পর্যন্ত, যা নির্ধারিত আছে। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে, অনেক কর্মকর্তা/কর্মচারী নির্ধারিত সময়ে অফিসে আসেন না, আবার মধ্যাহ্ন বিরতির পূর্বেই চলে যান এবং মধ্যাহ্ন বিরতির অনেক পরে কর্মস্থলে উপস্থিত হন। এছাড়াও ব্যবহারিক ক্লাসের সাথে সংশ্লিষ্ট অনেক কর্মকর্তা ও কর্মচারী নিজেদের মধ্যে সম্বন্ধের মাধ্যমে শিফটিং করে দায়িত্ব পালন করেন। ফলে দাপ্তরিক/একাডেমিক কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হচ্ছে, যা সমীচীন নয়।

এমতাবস্থায়, সকল কর্মকর্তা ও কর্মচারীকে অফিস সময়-সূচী যথাযথভাবে অনুসরণ করে কর্মস্থলে উপস্থিত থেকে নিজ নিজ দায়িত্ব পালনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমকে এগিয়ে নেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(অধ্যাপক ড. শাহ আলিমুজ্জামান)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ : ২০/১১/২০২২

স্মারক নং-বুটেক্স/প্রশাঃ ৫/২০২১/৮৭৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

- ১। সকল ডীন, বুটেক্স।
- ২। সকল বিভাগীয় প্রধান (বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীকে অবগত করানোর অনুরোধসহ), বুটেক্স।
- ৩। সকল পরিচালক (সকল কর্মকর্তা ও কর্মচারীকে অবগত করানোর অনুরোধসহ), বুটেক্স।
- ৪। প্রক্টর, বুটেক্স।
- ৫। প্রভোস্ট, শহীদ আজিজ হুদা/জি এম এ জি ওসমানী হুদা/শেখ হাসিনা হুদা/সৈয়দ নজরুল ইসলাম হুদা, বুটেক্স।
- ৬। প্রকল্প পরিচালক, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন প্রকল্প, বুটেক্স।
- ৭। সকল দপ্তর প্রধান (দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীকে অবগত করানোর অনুরোধসহ), বুটেক্স।
- ৮। সেল/শাখা প্রধান/ল্যাব ইনচার্জ, সকল সেল/শাখা/ল্যাব/ওয়ার্কশপ, বুটেক্স (সকল কর্মকর্তা ও কর্মচারীকে অবগত করানোর অনুরোধসহ)।
- ৯। প্রোগ্রামার, আইসিটি সেল, বুটেক্স।
- ১০। যানবাহন কর্মকর্তা (সকল কর্মকর্তা ও কর্মচারীকে অবগত করানোর অনুরোধসহ), বুটেক্স।
- ১১। সেকশন অফিসার, ভিসি অফিস (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বুটেক্স।
- ১২। ভিসি অফিস (সকল কর্মকর্তা ও কর্মচারীকে অবগত করার জন্য অনুরোধসহ), বুটেক্স।
- ১৩। হেলথ সেন্টার, বুটেক্স।
- ১৪। সংশ্লিষ্ট নথি।


(মুহাম্মদ শরীফুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার (এইচআর)